গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বগুড়া
সাধারণ শাখা
www.bogra.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০০৬.০৮.০০০৪.২৬.

তারিখ: শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন ক্রীড়া পরিদপ্তরের "নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭" কর্মসূচি ব্যাপক প্রচার, ড্রপডাউন ব্যানার প্রদর্শন ও রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৪.০০.০০০০,০০০,০৮০.৯৯.০০১৬.২৬.২৬৮; তারিখ: ২৯ জুন ২০২৬ খ্রি.
২। মন্ত্রী পরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০২.২১.২৩৪; তারিখ: ১৩ জুলাই ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের পরিকল্পনার অংশ হিসেবে তৃণমূল পর্যায়ের ১০-১৪ বছর বয়সী (জন্ম তারিখ: ০১ সেপ্টেম্বর ২০১২ থেকে ৩১ আগস্ট ২০১৬ এর মধ্যে) শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুড়ি স্পোর্টস-২০২৬-২৭' কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচি সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে ব্যাপক প্রচার, নোটিশ বোর্ডে সংযুক্তকরণ, প্রতিটি ইউনিয়ন পরিষদ কর্তৃক মাইকিং ও ডিজিটাল সেন্টারে রেজিস্ট্রেশন বুথ স্থাপন, প্রতিটি বিদ্যালয়ে ড্রপডাউন ব্যানার প্রদর্শন, বিদ্যালয়ের শারীরিক শিক্ষকের মাধ্যমে সমাবেশের সময় ছাত্র-ছাত্রীদের অবহিতকরণ, প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে সংযুক্তকরণসহ স্ব-স্ব প্রতিষ্ঠানে রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

০২। নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬ এর ২৭-ইভেন্টের নাম ও রেজিস্ট্রেশনের নিয়মাবলী সংক্রান্ত লিফলেট এসাথে প্রেরণ কর হলো।

২৭/০৭/২৬

(মোঃ মেজবাউল করিম)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
বগুড়া
ফোন: ০২৫৮৯৯০০০২২ (অফিস)
ই-মেইল: adcgbogura@mopa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া
উপজেলা শিক্ষা অফিসার/প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), বগুড়া

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে পেরণ করা হলো:

০১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০২. সহকারী কমিশনার (গোপনীয় শাখা), জেলা প্রশাসক, বগুড়া মহোদয়ের সদয় অবগতির জন্যে।
০৩. জেলা ক্রীড়া অফিসার/শিক্ষা অফিসার/প্রথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
০৪. অফিস কপি।

CamScanner